

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ

doict.bhaluka.mymensingh.gov.bd

উপজেলার আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

| | |
|------------|---|
| সভাপতি | হাসান আব্দুল্লাহ আল মাহমুদ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা আইসিটি কমিটি, ভালুকা, ময়মনসিংহ |
| সভার তারিখ | ২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. |
| সভার সময় | দুপুর ১২:০০ টায় |
| স্থান | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সেপ্টেম্বর/২০২৫ মাসের উপজেলার আইসিটি কমিটির সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী সদস্য সচিব কে উপজেলার আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করেন। পরবর্তীতে, সদস্য সচিব উপজেলার আইসিটি বিষয়ক কমিটির মাসিক সভার কার্যক্রম উপস্থাপন করেন।

২. অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিষয়ে সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:


| ক্রম. নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|----------|--|---|---|--|
| ২.১ | উপজেলার ওয়েব পোর্টালের হালনাগাদকরণ | সভায় উপজেলা আইসিটি অফিসার উপজেলা পর্যায়ে সকল সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্ত প্রতিবেদনের অবস্থানসহ হালনাগাদের সরকারি অফিসের রিপোর্ট সভায় উপস্থাপন করেন। এছাড়া, উপজেলার সকল কার্যালয়ের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করার বিষয়েও সভায় আলোচনা করেন। অতঃপর সভাপতি মহোদয় জাতীয় তথ্য বাতায়ন নাগরিক সেবায় নিয়মিত হালনাগাদ করতে হবে মর্মে সকল দপ্তর প্রধানগণকে নির্দেশনা প্রদান করেন। | ২.১ (ক) জাতীয় তথ্য বাতায়নে নিজ দপ্তরের ওয়েব পোর্টাল যথাযথভাবে নিয়মিত শতভাগ হালনাগাদ করতে হবে। | দপ্তর প্রধানগণ উপজেলা আইসিটি অফিসার |
| ২.২ | ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদকরণ | উপজেলা পর্যায়ের সকল ইউনিয়ন পরিষদকে তাঁদের কার্যালয়ের ওয়েব পোর্টাল সংক্রান্ত যাবতীয় তথ্য শতভাগ হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ২.২ (ক) সকল ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল নিয়মিতভাবে শতভাগ হালনাগাদ করতে হবে। | ইউপি চেয়ারম্যান/প্রশাসক উপজেলা আইসিটি অফিসার |
| ২.৩ | ডি-নথি বাস্তবায়ন | উপজেলা আইসিটি অফিসার সভায় জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নধীন এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম এর গত ২১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের স্মারক নং ৫৬.৮৩.০০০০.০০০.০১৩.৯৯.০০১৫.২২ .১১০০২৮ এর মাধ্যমে উপজেলা পর্যায়ে ডি-নথি ব্যবহারকারী সকল দপ্তরের কর্মকর্তা কর্মচারীদের বদলি, পদায়ন ও অবসর গ্রহণসহ বিভিন্ন কারণে ডি-নথি সিস্টেম থেকে রিলিজ ও এসাইনের দায়িত্ব তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে প্রদান করা হয়েছে। | ২.৪ (ক) উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ দাপ্তরিক চিঠিপত্র ডি-নথিতে উপস্থাপনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। ২.৪ (খ) ডি-নথি | দপ্তর প্রধানগণ উপজেলা আইসিটি অফিসার |

| | | | | |
|--|--|--|--|--|
| | | <p>সেক্ষেত্রে, দপ্তরের ডি-নথি সিস্টেম থেকে রিলিজ করার জন্য বদলীকৃত কর্মকর্তার অবমুক্ত আদেশ এবং পদে এসাইন করতে যোগদানকৃত কর্মকর্তার যোগদানের পৃষ্ঠাঅংকন/দায়িত্বভার অর্পণ ও গ্রহণ (বেসামরিক হিসাব পদ্ধতির ৪৭ নং অনুচ্ছেদ) এর প্রমাণকসহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালয়ে অবহিত করতে হবে।</p> <p>এছাড়া, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম এর নথি টিম থেকে প্রেরিত নির্ধারিত ছক অনুযায়ী</p> <p>ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলায় নিম্নে বর্ণিত ০৩টি দপ্তরকে ডি-নথি সিস্টেম এ দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উক্ত দপ্তর হতে প্রাপ্ত কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের তথ্য পরবর্তী কার্যক্রমের জন্য ইতোমধ্যে ইমেইলে নথি টিমকে প্রেরণ করা হয়েছে:</p> <p>১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভালুকা, ময়মনসিংহ ২। উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ ৩। উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ</p> <p>এছাড়াও তিনি সভায় জানান যে, ডি-নথি বাস্তবায়ন সংক্রান্ত যেকোন কারিগরি সহযোগিতার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ এ যোগাযোগ করা যেতে পারে।</p> <p>উপজেলা পর্যায়ের যে সকল দপ্তর ডি-নথি তে যুক্ত রয়েছে তাদের দাপ্তরিক কার্যক্রমে ডি-নথি ব্যবহার বৃদ্ধি করার বিষয়ে সভাপতি মহোদয় সকল দপ্তরের চিঠিপত্র ডি-নথিতে উপস্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ দপ্তরের ডি-নথি সিস্টেমে কর্মকর্তাকে রিলিজ ও এসাইনের বিষয়ে যথাযথ প্রমাণকসহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালয়ে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া, ডি-নথি সিস্টেমে দাপ্তরিক কার্যক্রমের গতি আনয়নে প্রয়োজনে কর্মকর্তা/ কর্মচারীগণের জন্য স্ব স্ব দপ্তর ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p> | <p>সিস্টেমে দাপ্তরিক কার্যক্রমের গতি আনয়নে প্রয়োজনে কর্মকর্তা/ কর্মচারীগণের জন্য স্ব স্ব দপ্তর ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করতে হবে।</p> <p>২.৪ (গ) ডি-নথি সিস্টেমে কর্মকর্তাকে রিলিজ ও এসাইনের বিষয়ে যথাযথ প্রমাণকসহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালয়ে অবহিত করতে হবে।</p> | |
|--|--|--|--|--|

| | | | | |
|--|--|--|--|--|
| | | | | |
|--|--|--|--|--|

| | | | | |
|-----|---|--|---|---|
| ২.৪ | ইডিসি প্রকল্পের মাধ্যমে ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান | <p>উপজেলা আইসিটি অফিসার সভায় জানান যে, ভালুকা উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, কমিউনিটি ক্লিনিক এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের মাধ্যমে ২৯৫টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে ৪৮টি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। বর্তমানে আরো প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>সভাপতি মহোদয় উক্ত কানেক্টিভিটি প্রদান এবং পরবর্তীতে স্থাপিত কানেক্টিভিটির মাধ্যমে গ্রাহক পর্যায়ে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদানের বিষয়ে Standard Operating Procedure (SOP) অনুসরণ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।</p> <p>সরেজমিন পরিদর্শন ও অনলাইন মনিটরিং এর মাধ্যমে জানা যায়, কিছু প্রতিষ্ঠান ইন্টারনেট বিল পরিশোধ না করায়, ইন্টারনেট সংযোগ নিষ্ক্রিয় রয়েছে। সে সকল প্রতিষ্ঠানকে বিল পরিশোধ করে দ্রুত ইন্টারনেট সংযোগ সক্রিয় করা ও সার্বক্ষণিক সক্রিয় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও সভায় ইন্টারনেট সংযোগ সংক্রান্ত কোনো সমস্যা দেখা দিলে ইন্টারনেট সংযোগ প্রদানকারী ভেড্ডর প্রতিষ্ঠান এডিএন টেলিকম এর প্রতিনিধিদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল। যোগাযোগ নম্বর নিম্নরূপ:</p> <p>হেল্পডেস্ক নাম্বার: +8809610771751 এবং +8809610771752</p> <p>এছাড়াও যেকোন সমস্যার ক্ষেত্রে উপজেলা আইসিটি অফিসারকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতি মহোদয় ইন্টারনেট বিল বকেয়া থাকার জন্য ইন্টারনেট সংযোগ নিষ্ক্রিয় করার পূর্বে তিন মাস পর্যন্ত অপেক্ষা করার জন্য ভেড্ডর প্রতিষ্ঠানের প্রতি নির্দেশনা প্রদান করেন।</p> | ২.৫ (ক) ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প কর্তৃক প্রতিষ্ঠানে ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান এবং প্রতিষ্ঠানসমূহে স্থাপিত কানেক্টিভিটির মাধ্যমে গ্রাহক পর্যায়ে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদানের বিষয়ে Standard Operating Procedure (SOP) অনুসরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ইন্টারনেট সংযোগ প্রাপ্ত প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধান, ভেড্ডর প্রতিষ্ঠান ও উপজেলা আইসিটি অফিসার |
| | | <p>উপজেলা আইসিটি অফিসার সভায় জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় ময়মনসিংহের ভালুকা উপজেলায় 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের' নির্মাণ কাজ শেষ পর্যায় রয়েছে।</p> | | |

| | | | | |
|-----|---|---|---|---|
| ২.৫ | উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র | <p>উল্লেখ্য, ইডিসি প্রকল্প দপ্তর হতে 'উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' এর বিদ্যুৎ চাহিদা নিরূপণের সময় প্রশিক্ষণ কেন্দ্রে ব্যবহার যোগ্য সমস্ত ইলেকট্রিক সরঞ্জামসহ এয়ার কুলারের (AC) এবং পানির পাম্পের লোড বিবেচনা করা হয়। প্রকল্প দপ্তর হতে পত্রের মাধ্যমে (স্মারক নং- ৫৬,০৪,০০০০,১০৪.১৮,০০১.২২.০২৯; তারিখ: ০৭ জুলাই ২০২৫) জানানো হয় - বর্তমানে নতুন পানির পাম্প ব্যবহার লাগবে না, সীমিত অর্থ বরাদ্দের কারণে এয়ার কুলার (AC) ব্যবহার হবে না এবং সীমিত পর্যায়ে প্রশিক্ষণ সরঞ্জাম (ইলেকট্রিক যন্ত্রপাতি) ব্যবহার হবে, তাই বিদ্যুৎ ব্যবহার প্রায় অর্ধেক নেমে এসেছে। তাই, বাস্তবতার নীরখে 'উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' বিদ্যুৎ চাহিদা কমানো প্রয়োজন। সেক্ষেত্রে উপজেলা প্রশিক্ষণ কেন্দ্রে থ্রি-ফেজ ২০ কিলোওয়াট থেকে কমিয়ে ১০ কিলোওয়াট এর 'নেট মিটারিং' পদ্ধতিতে নতুন বৈদ্যুতিক সংযোগ নিলেই অফিস চাহিদা পূরণ হবে এবং পাশাপাশি 'উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' এর প্রকল্প ব্যয় এবং অধিদপ্তরের বার্ষিক বিদ্যুৎ বিল সাশ্রয় হবে।</p> <p>উল্লেখ্য, 'উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' জন্য প্রকল্প দপ্তরের নির্দেশনা মোতাবেক ইতোপূর্বে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর ভালুকা উপজেলা কার্যালয়ের নামে বিক্রয় ও বিতরন বিভাগ, বিউবো, ভালুকা, ময়মনসিংহে 'নেট মিটারিং' পদ্ধতিতে থ্রি-ফেজ (20KW load) নতুন বৈদ্যুতিক সংযোগের জন্য গত ১৩/০৩/২০২৫ তারিখ আবেদন করা হয়েছে। 'নেট মিটারিং' পদ্ধতিতে থ্রি-ফেজ (20KW load) নতুন বৈদ্যুতিক সংযোগ স্থাপনের জন্য বিক্রয় ও বিতরন বিভাগ, বিউবো, ভালুকা এর নির্ধারিত সকল ফি সংশ্লিষ্ট ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা হয়েছে এবং চাহিদা মোতাবেক সকল ডকুমেন্টের হার্ড কপি বিউবো ভালুকার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট গত ১৩/০৫/২০২৫ তারিখে প্রেরণ করা হয়েছে।</p> <p>এছাড়া, ইডিসি প্রকল্পের নির্দেশনা মোতাবেক উক্ত 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' এ 'নেট মিটারিং' পদ্ধতিতে নতুন বৈদ্যুতিক সংযোগ থ্রি-ফেজ (20KW load) থেকে কমিয়ে থ্রি-ফেজ (10KW load) এ পরিবর্তন করে গত ০৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখে নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরন বিভাগ, বিউবো, ভালুকা, ময়মনসিংহ কে পত্র প্রেরণ করা হয়েছে।</p> <p>সভাপতি মহোদয় ইডিসি প্রকল্পের নির্দেশনা মোতাবেক উক্ত 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' এ 'নেট মিটারিং' পদ্ধতিতে নতুন বৈদ্যুতিক সংযোগ নেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।</p> | ২.৬ (ক) ইডিসি প্রকল্পের নির্দেশনা মোতাবেক উক্ত 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' এ 'নেট মিটারিং' পদ্ধতিতে নতুন বৈদ্যুতিক সংযোগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী উপজেলা আইসিটি অফিসার নির্বাহী প্রকৌশলী বিক্রয় ও বিতরন বিভাগ, বিউবো, ভালুকা, ময়মনসিংহ |
|-----|---|---|---|---|



২৩-১০-২০২৫


হাসান আব্দুল্লাহ আল মাহমুদ
উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি,
উপজেলা আইসিটি কমিটি, ভালুকা, ময়মনসিংহ

তারিখ: ৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.৬১১৩.০০০.০০১.০৬.০০০১.১৯.৬৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
- ২। উপপরিচালক, প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩। জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), সহকারী কমিশনার (ভূমি) এর দপ্তর, উপজেলা ভূমি অফিস, ভালুকা, ময়মনসিংহ।
- ৫। উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, ভালুকা উপজেলা, ময়মনসিংহ।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ভালুকা, ময়মনসিংহ।
- ৭। উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, উপজেলা শিক্ষা অফিস, ভালুকা, ময়মনসিংহ।
- ৮। উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ভালুকা, ময়মনসিংহ।
- ৯। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, উপজেলা সমাজসেবা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
- ১০। , ভালুকা, ময়মনসিংহ।



২৪-১০-২০২৫

ইয়াসমিন আক্তার

উপজেলা আইসিটি অফিসার ও সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি, ভালুকা, ময়মনসিংহ